

পাবলিক পরীক্ষায় বিশেষ সুবিধা পাবে মুক্তিযোদ্ধাদের সন্তানরা

■ শ্যামলেশ্বর পাল নেত্রকোনা প্রতিনিধি

বিজয়ের মান হিসেবে নেত্রকোনা জেলা প্রশাসক ড. আবুল কালাম আজাদের একই ইচ্ছায় আগামী বছর ২০১৪ মাস থেকে সকল পাবলিক পরীক্ষায় বীর মুক্তিযোদ্ধাদের সন্তানরা শুধু মাত্র সরকারি ভি দিটে পরীক্ষা উপে গ্রহন করার সুযোগ পাবে। জেলা প্রশাসক নেত্রকোনা জেলার সকল সরকারি বেসরকারি কলেজ কুসময় সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের নিকট এই মর্মে গত বৃহস্পতিবার চিঠি প্রদান করেছেন।

জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, নেত্রকোনা জেলাধীন বিভিন্ন বিদ্যালয়/বহুবিদ্যালয়ে অধ্যয়নরত বীর মুক্তিযোদ্ধাদের সন্তানরা আর্থিক অসচ্ছলতার কারণে বিভিন্ন পাবলিক পরীক্ষায় (এসএসসি, এইচএসসি এবং ডিগ্রী) অংশগ্রহন করতে পারছেন না মর্মে জেলা প্রশাসককে জানানো হলে তিনি সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের এব্যাপারে ব্যবস্থা নিতে চিঠি দেন। জেলার মুক্তিযোদ্ধাপন জেলা প্রশাসকের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।